গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩৫

# পুঠিয়ায় নারী সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহী, ২১ কার্তিক (০৬ নভেম্বর) :

আজ বৃহস্পতিবার (০৬ নভেম্বর) রাজশাহী জেলা তথ্য অফিসের আয়োজনে পুঠিয়া উপজেলার ভালুকগাছি ইউনিয়নের চকদুর্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

নারী সমাবেশে পুঠিয়া উপজেলা শিক্ষা অফিসার মো. মোখলেসুর রহমানের সভাপতিত্বে বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের (ডিএফপি) পরিচালক মুহা. শিপলু জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএফপি'র সহকারী পরিচালক মো. আব্দুল আলিম। জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক আব্দুল আহাদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে পুঠিয়ার সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং বিদ্যালয়টির প্রধান শিক্ষক বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তাগণ তারুণ্য নির্ভর, উন্নত, বৈষম্যহীন রাষ্ট্র ও জাতিগঠন, গুজব, অপপ্রচার এবং সাম্প্রদায়িকতা প্রতিরোধ, মাদক, বাল্যবিবাহ, যৌতুক, মানব পাচার প্রতিরোধ, পরিবেশ সংরক্ষণে পলিথিন বর্জন, ডেঙ্গু প্রতিরোধসহ পরিবেশ সুরক্ষায় বৃক্ষ রোপণের গুরুত্ব প্রভৃতি বিষয়ে আলোচনা করেন। অতিথিবৃন্দ এ সময় টাইফয়েড টিকাদান কর্মসূচির গুরুত্ব তুলে ধওে করে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুকে টিকা প্রদানের জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

নারী সমাবেশের শুরুতে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ ,নিরাপদ মাতৃত্ব, যৌতুক, মাদক, ডেঙ্গু এবং বাল্য বিবাহ প্রতিরোধমূলক চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

..................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৫.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd